ভোরের কাগজ

তারিখ 27 JUN 1998
পৃষ্ঠা ৩ কলাম 7

# বাউবির শিক্ষা কর্মসূচিতে মেয়েরা এগিয়ে আছে

## —উপাচার্য আমিনুল ইসলাম

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) উপাচার্য অধ্যাপক এম আমিনুল ইসলাম বলেছেন, দেশের উন্মুক্ত শিক্ষায় নারীরা প্রাধান্য বিস্তার করে চলেছে। তিনি বলেন, 'আমাদের এসএসসি শিক্ষা প্রোগ্রামে শতকরা প্রায় ৭০ জনই মহিলা। গ্রাম-গঞ্জের অনেক প্রৌঢ় বৃদ্ধাই নিজেদের সন্তান ও নাতি-নাতনিসহ এক সঙ্গে এ কর্মসূচিতে অধ্যয়ন করছে।

বাউবির স্কুল অফ সোস্যাল সায়েন্স, হিউম্যানিটিজ অ্যান্ড ল্যাংগুয়েজ ও স্কুল অফ বিজনেস আয়োজিত এক কর্মশিবিরে প্রধান অতিথির ভাষণে গত বৃহস্পতিবার তিনি এ কথা বলেন। উন্মুক্ত ও দূরশিক্ষণ পদ্ধতিতে গ্রামীণ দরিদ্র মহিলাদের আর্থিক কর্মকাণ্ডে দক্ষ করে গড়ে তোলার উদ্দেশে আয়োজিত এ কর্মশিবিরে সহযোগিতা করে কমনওয়েলথ অফ লার্নিং (কল)।

বাউবির এস এস এইচ এল অনুষদের ডীন অধ্যাপক ড. শিরিন হকের সভাপতিত্বে অনুষ্ঠিত এই কর্মশিবিরে বক্তব্য রাখেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইবিএ ইনস্টিটিউটের অধ্যাপক অর্থনীতিবিদ মুজাফফর আহমদ, এই প্রকল্পের চিফ কনসালট্যান্ট প্রফেসর ড. মঈনুল ইসলাম ও বাউবির স্কুল অফ বিজনেস-এর ডীন প্রফেসর আবদুল আউয়াল খান। বিজ্ঞপ্তি।